শেখ হাসিনার উদ্যোগ

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিত-২
বাবুরহাট, চাঁদপুর।

যোগাযোগ ঃ
টেলিফোনঃ ০৮৪১-৬৫১১১ (অফিস)
ই-মেইলঃ chandpurpbs2@gmail.com
ওয়েব সাইটঃ www.pbs2.chandpur.gov.bd

স্মারক নং-২৭.১২.১৩২২.৫৭৮.০২.০০৮.২১- ৪২৬৮

তারিখ-১২/০৮/২০২১ খ্রিঃ

বিষয় ঃ- আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি।

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ পাওয়ার ইউজ কো-অর্ডিনেটর/মেম্বার সার্ভিস কো-অর্ডিনেটর পদে পদোন্নতির মাধ্যমে শূন্য পদ পূরণের লক্ষ্যে বিভিন্ন পবিসে কর্মরত সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ এবং ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন আগ্রহী **"ওয়্যারিং পরিদর্শক"** গণের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

পদের নাম ঃ পাওয়ার ইউজ কো-অর্ডিনেটর/মেম্বার সার্ভিস কো-অর্ডিনেটর।

যোগ্যতা ঃ

ক। ওয়্যারিং পরিদর্শক পদে ন্যূনতম ১০ (দশ) বছর এবং ডিপ্লোমাধারীদের ক্ষেত্রে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
খ। কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে।
গ। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-২৪ এর সেকশন ৮ (এ) তে উল্লেখিত বিধান/শর্তাদি পূরণ করতে হবে।
ঘ। বিগত ০৩ বৎসরের কর্মমূল্যায়নের ন্যূনতম রেটিং ৩.৫০ থাকতে হবে।
ঙ। বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
চ। পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় সকল প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে।
ছ। চাঁদপুর পবিস-২ এর কর্মচারী চাকুরী বিধি-১৯৯২, (সংশোধিত-২০১২) এর ধারা ৭, ১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে।
জ। দর্শনার্থীদের সাথে সৌজন্যমূলক ও মাধুর্যপূর্ণ আচরণ করার মানসিকতা থাকতে হবে।
ঝ। ওয়্যারিং যন্ত্রপাতি, মালামাল ও যন্ত্রাংশ সম্পর্কে ধারনা ও অভিজ্ঞতা থাকতে হবে।

শর্তাবলী ঃ

০১। আগ্রহী প্রার্থীগণকে **পাওয়ার ইউজ কো-অর্ডিনেটর/মেম্বার সার্ভিস কো-অর্ডিনেটর** পদের বিপরীতে সাদা কাগজে স্বহস্তে বাংলায় লিখিত আবেদন যথাযথভাবে পূরণ করতঃ আগামী **২৮/০৮/২০২১খ্রিঃ তারিখ রোজ শনিবার বেলা ১১:০০ ঘটিকায়** চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, বাবুরহাট, চাঁদপুর এ স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

০২। আবেদন ফরমের সাথে সংশ্লিষ্ট পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রার্থীর বিগত ০৫ (পাঁচ) বৎসরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থার বিবরণ (যদি থাকে) সর্বশেষ ০১ (এক) বৎসরের মধ্যে লঘুদন্ড ০৩ (তিন) বৎসরের মধ্যে কোন গুরুদন্ড প্রাপ্ত হয়নি, ০৫ (পাঁচ) বৎসরের মধ্যে একাধিক গুরুদন্ড, ০৪ (চার) বৎসরের মধ্যে একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড এবং ০৩ (তিন) বৎসরের মধ্যে একের অধিক লঘুদন্ড প্রাপ্ত হয়নি এবং বর্তমানে বিভাগীয় তদন্ত চলমান নাই মর্মে প্রত্যয়নপত্র, বিনা আপত্তির সনদপত্র সহ পদোন্নতি প্রদানের জন্য সুস্পষ্ট সুপারিশ, বর্তমান পদে যোগদান ও চাকুরী নিয়মিত করণ পত্রের ফটোকপি, সাম্প্রতিক কালের তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, পদোন্নতির জন্য সংশোধিত নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রয়োজনীয় প্রশিক্ষণের ফলাফলের সত্যায়িত ফটোকপি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি, হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে) এর সত্যায়িত ফটোকপি এবং বিগত ০৩ (তিন) বৎসরের কর্মমূল্যায়নের ফটোকপি যা এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।

০৩। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩, ৩০০-১৭ অনুযায়ী প্রার্থীর বেতন ভাতাদি সংরক্ষণ করা হবে।

০৪। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। তবে অত্র পবিসের ভৌগলিক এলাকার **চাঁদপুর জেলার চাঁদপুর সদর, ফরিদগঞ্জ, হাইমচর, মতলব দক্ষিণ ও মতলব উত্তর উপজেলার** স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নাই।

০৫। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য **"চলতি দায়িত্ব"** পদে নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্ব চলাকালীন কর্মসম্পাদনের মান সন্তোষজনক ও সংশোধিত পবিস নির্দেশিকা অনুযায়ী সংশ্লিষ্ট প্রশিক্ষণে উত্তীর্ণ হওয়া সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/পূর্ববর্তী পদে প্রত্যাবর্তন করা হবে।

০৬। অত্র পবিসে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী বা এলাকা পরিচালক/মহিলা পরিচালকগনের স্বামী/স্ত্রীর সহিত রক্ত সম্পর্কীয় কোন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নাই।

(অঃ পৃঃ দ্রঃ)

০৭। কোন প্রার্থী তথ্য গোপন করে বর্ণিত পদে পদোন্নতি প্রাপ্ত হওয়ার পর পরবর্তীতে তা প্রমাণিত হলে তার বিরুদ্ধে পবিস কর্মচারী চাকুরী বিধির আলোকে যথাযথ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। নির্বাচনী পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৯। বর্ণিত পদে কোন কর্মচারীকে পদোন্নতি প্রদান করা হলে তিনি তা বাতিলের আবেদন/প্রত্যাখান করতে পারবেন না।

১০। যে কোন আবেদন এবং এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১১। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যেকোন বিষয় নিস্পত্তির ক্ষেত্রে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

12.08.21
(দেব কুমার মালো)
জেনারেল ম্যানেজার

অনুলিপি ঃ- (বহুল প্রচারের জন্য নোটিশ বোর্ডে টানানোর অনুরোধ সহ)

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। | সদয় অবগতির জন্য।
০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার........................১/২/৩/৪। | (বিজ্ঞপ্তিটি আপনার নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।)
০৪। ডিজিএম, ফরিদগঞ্জ/মতলব দক্ষিণ/মতলব উত্তর জোনাল অফিস/সদর-কারিগরী, চাঁদপুর পবিস-২।
০৫। এজিএম, (অর্থ-হিসাব/ সদস্য সেবা/ওএন্ডএম/ইএন্ডসি), চাঁদপুর পবিস-২।
০৬। এজিএম (ওএন্ডএম) কামতা সাব-জোনাল অফিস, চাঁদপুর পবিস-২।
০৭। নোটিশ বোর্ড, চাঁদপুর পবিস-২।
০৮। অফিস কপি/মাষ্টার কপি।

(দেব কুমার মালো)
জেনারেল ম্যানেজার